বদরগঞ্জ উপজেলা পরিষদ
জেলাঃ রংপুর

স্মারক নংঃ

তারিখঃ ৩০/০১/২০২২খ্রিঃ

## উপজেলা পরিষদের যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটির সাধারণ সভার কার্যবিবরনী

সভাপতি ঃ মোঃ তাজুল ইসলাম
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।

সভার তারিখ ঃ ৩০ জানুয়ারি, ২০২২খ্রিঃ

সময় ঃ ২.৪৫ ঘটিকা

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, বদরগঞ্জ, রংপুর।

**উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট-ক)**

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য কমিটির সদস্য সচিবকে অনুরোধ জানান। সভার সদস্য সচিব ও উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কর্মকর্তা উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয় ।

**২। আলোচ্য বিষয়-০২ঃ উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির কার্যক্রম পর্যালোচনা**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন যে, ৭ই মার্চের ভাষণ, বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী উপলক্ষ্যে এবং বাংলাদেশের স্বাধীনতার পঞ্চাশ বছর পূর্তি উপলক্ষ্যে পুরো মার্চ মাস জুড়ে উপজেলা পর্যায়ে সাংস্কৃতিক অনুষ্ঠান ও খেলাধুলা চলমান থাকবে। স্কুল ও কলেজের শিক্ষার্থীরা খেলাধুলায় অংশগ্রহণ করবে। তিনি বলেন, নবনির্বাচিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ স্ব স্ব ইউনিয়নে যুবকদের খেলাধুলার আযোজন করলে যুবকরা বিপথে যাবে না, সামাজিক অস্থিরতা তৈরী হবে না । | আলোচনান্তে চলমান কার্যক্রম সুন্দরভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কর্মকর্তা |

**৩। আলোচ্য বিষয়-০৩ঃ ই-মিউটেশন, অনলাইন ভূমি উন্নয়ন কর সংগ্রহ এবং ভূমি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভার সদস্য সচিব সভায় জানান যে, ডিজিটাল বাংলাদেশ গড়ার অংশ হিসাবে এবং ভূমি ব্যবস্থাপনায় স্বচ্ছতা, গতিশীলতা ও জবাবদিহিতার লক্ষে ১০০% জমির নামজারী অনলাইনে সম্পন্ন করা সময়ের দাবী। কিন্তু প্রয়োজনী দক্ষতা, সক্ষমতা ও সচেতনতার অভাবে অত্র উপজেলায় ভূমি ব্যবস্থাপনায় তথ্য ও প্রযুক্তির সঠিক ব্যবহার ব্যাহত হচ্ছে। | জনগুরুত্বপূর্ণ বিবেচনায় উপজেলা পরিচালন ও উন্নযন প্রকল্পের আওতায় উপ-প্রকল্পটি উপজেলা | "উপজেলা প্রকৌশলী |

| | | |
|---|---|---|
| বিধায় প্রস্তাবিত উপ-প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে উপকারভোগী তথা সাধারণ জনগণসহ বিভিন্ন পেশাজীবী ও জনপ্রতিনিধিগণের সচেতনতা ও দক্ষতাবৃদ্ধির মাধ্যমে লক্ষ্যিত উদ্দেশ্য বাস্তাবায়ন অপরিহার্য।<br><br>এ উপ- প্রকল্প বাস্তবায়ন হলে-<br><br>১. উপজেলার সাধারণ জনগণ, পেশাজীবী ও জনপ্রতিনিধিগণ ভূমি ব্যবস্থাপনায় তথ্য ও প্রযুক্তির সঠিক ব্যবহারে অভ্যস্ত হবে এবং সহজে সেবা গ্রহণ করতে পারবে<br>২. ভূমি ব্যবস্থাপনায় জনসাধারণের তথ্য ও প্রযুক্তি সংক্রান্ত ভোগান্তি লাঘব হবে এবং ঘরে বসেই সেবা গ্রহন করতে পারবে।<br>৩. ডিজিটাল বাংলাদেশ গড়তে বিশেষ ভূমিকা রাখবে। | পরিষদের প্রকল্প বাছাই কমিটির সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

**৪। অতপরঃ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।**

(মোঃ তাজুল ইসলাম)
সভাপতি
উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি
ও
ভাইস-চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
বদরগঞ্জ, রংপুর।

স্মারক নং- ৩৪.০১.৮৫০৬.০০০.০৬.০০১.২২- ৫৪ তারিখঃ ৩০/০১/২০২২খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, রংপুর।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
৪। উপজেলা নির্বাহী অফিসার, বদরগঞ্জ, রংপুর।
৫। উপজেলা.............................. কর্মকর্তা, বদরগঞ্জ, রংপুর।
৬। চেয়ারম্যান, ............................ইউনিয়ন পরিষদ, বদরগঞ্জ, রংপুর।
৭। অফিস কপি।

সদস্য সচিব
উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি
বদরগঞ্জ, রংপুর।